# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 29 June, 2025

শেষ বলে ছক্কায় এক দিন, আবার শেষ ওভারে ছক্কা–টানা দুই ম্যাচে ম্যাচ উইনার শিমরন হেটমায়ার! মেজর লিগ ক্রিকেটে (এমএলস) অবশেষে ঘুরে দাঁড়িয়েছে সিয়াটল ওরকাস।

লস অ্যাঞ্জেলেস নাইট রাইডার্সের দেওয়া ২০৩ রানের পাহাড় টপকে ১ বল ও ৫ উইকেট হাতে রেখে জয় তুলে নেয় সিয়াটল, যার নায়ক–একই ব্যক্তি, হেটমায়ার।মাত্র ২৬ বলে ৬৪ রানের অপরাজিত ইনিংসে ছক্কা-চার মেরে ম্যাচ শেষ করেন তিনি।

শেষ ওভারে নাটক

শেষ ওভারে প্রয়োজন ছিল মাত্র ৫ রান, কিন্তু প্রথম ৪ বলে আসে মাত্র ২।পঞ্চম বলে শ্যাডলি ফন শালকভিকের মাথার ওপর দিয়ে বিশাল ছক্কা মেরে ম্যাচ শেষ করেন হেটমায়ার।এই জয়ে সিয়াটলের পয়েন্ট দাঁড়ায় ৭ ম্যাচে ৪, চার নম্বরে উঠে আসে তারা।

মঞ্চ তৈরি করেছিলেন অ্যারন জোনস

হেটমায়ারের আগে দারুণ খেলেছেন অ্যারন জোনস–৩৮ বলে ৭৩ রানের ঝড়ো ইনিংস।তাঁর সঙ্গে শায়ান জাহাঙ্গীর যোগ করেন ৪৩ রান। তবে ক্লাসেন-রাজা দ্রুত আউট হওয়ায় ম্যাচে আবারও চাপ আসে।সেই চাপ থেকেই হেটমায়ার একাই দলকে টেনে তোলেন জয় পর্যন্ত।

পায়ে ক্র্যাম্প নিয়েও হিরো

টানা দ্বিতীয় ম্যাচে ক্র্যাম্প নিয়েও খেলেছেন হেটমায়ার।ম্যাচ শেষে বললেন,

“আমি খুব ক্লান্ত, কিন্তু কৃতজ্ঞ। জয়টা দলের জন্য খুব দরকার ছিল। আশা করছি, এই ধারাটা আমরা ধরে রাখতে পারব।”

এই ম্যাচে হেটমায়ারের ইনিংস: ২৬ বলে ৬৪, স্ট্রাইক রেট: ২৪৬.১৫ ছক্কা: ৬টি | চার: ৪টি

সিয়াটলের টানা দুই জয়েই হেটমায়ার ছিলেন অপরাজিত। এখন দল আশায়, ব্যাটে-বলে এই জ্বালা তিনি জিইয়ে রাখবেন পরের ম্যাচগুলোতেও।

ক্রিকেট শিমরন হেটমায়ার লস অ্যাঞ্জেলেস

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 22:31

URL: https://www.timestodaybd.com/sports/3900775807